

“মুসক দিব জনে জনে
অংশ নিব উন্নয়নে”



“I AM
VAT
SMART”
ARE
YOU?

প্রথম প্রকাশ: নভেম্বর ২০১৬

VAT Smart হতে ডিজিট করুন
www.nbr.gov.bd
www.nbrelearning.gov.bd
facebook.com/VATOnlineBD



জনকল্যাণে রাজস্ব

FL7

রেয়াত



VAT Online



জাতীয় রাজস্ব বোর্ড
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপকরণ (Input) কী

কোনো সরবরাহ প্রদানের জন্য করদাতাকে কোনো না কোনো উপকরণ বা পণ্য/সেবা ক্রয় করতে হয়। সরবরাহ প্রদানের লক্ষ্যে যে পণ্য বা সেবা ক্রয় করা হয় তাই উপকরণ।

উৎপাদ কর (Output Tax) কী

করদাতা কোনো সরবরাহ প্রদানের সময় যে মূসক ক্রেতার নিকট হতে আদায় করেন সেটিই উৎপাদ কর। যেমন: কোনো একটি পণ্য ৩০০ টাকায় বিক্রি করা হলো। এই ৩০০ টাকার মধ্যে $৩০০ \times ১৫/১১৫ = ৩৯.১৩$ টাকা মূসক আছে। এটিই উৎপাদ কর।

উপকরণ কর (Input Tax) কী

সরবরাহ প্রদানের জন্য করদাতা যে উপকরণ ক্রয় করেন তা ক্রেতার সময় তাকে মূসক পরিশোধ করতে হয়। বিক্রেতা তা আদায় করেন। উপকরণ ক্রয়ের সময় প্রদত্ত এই মূসককেই উপকরণ কর বলা হয়। যেমন: উপরে বর্ণিত ৩০০ টাকার সরবরাহ প্রদানের জন্য যদি করদাতাকে ২০০ টাকার উপকরণ ক্রয় করতে হয় তাহলে তাতে তিনি মূসক পরিশোধ করেন $২০০ \times ১৫/১১৫ = ২৬.০৭$ টাকা। এটিই তার উপকরণ কর।

উপকরণ কর রেয়াত (Input Tax Credit - ITC) কী

সরবরাহের সময় ক্রেতার নিকট হতে আদায়কৃত মূসক থেকে করদাতার ক্রেতার সময় পরিশোধিত মূসক বাদ দেয়া বা সমন্বয় করাকেই রেয়াত বলা হয়। উপরে বর্ণিত উদাহরণে করদাতা ৩০০ টাকার সরবরাহ প্রদান করে ৩৯.১৩ টাকা মূসক আদায় করেছেন। সরবরাহটি প্রদানের জন্য তিনি ২০০ টাকার উপকরণ ক্রয় করেছেন। সেখানে তিনি ২৬.০৭ টাকা মূসক পরিশোধ করেছেন। তিনি তার আদায়কৃত উৎপাদ কর (৩৯.১৩ টাকা) হতে পরিশোধিত উপকরণ কর (২৬.০৭ টাকা) নিজে গ্রহণ করবেন। অবশিষ্ট ১৩.০৬ টাকা (৩৯.১৩ - ২৬.০৭) সরকারি কোষাগারে জমা প্রদান করবেন।

কোন কোন ক্ষেত্রে রেয়াত হয়?

- আপনার করযোগ্য অর্থনৈতিক কার্যক্রমের অংশ হিসেবে ক্রয়কৃত প্রায় সকল উপকরণের ক্ষেত্রে রেয়াত গ্রহণ করা যাবে। যেমন, মূলধনী যন্ত্রপাতি, ব্যবসায় স্থাপনা, বিল্ডিং, শেড, ফার্নিচার, মৌলিক কাঁচামাল, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি ক্রেতার ক্ষেত্রে রেয়াত গ্রহণ করা যাবে।
- রেয়াত গ্রহণের জন্য বক্তি বা প্রতিষ্ঠানকে মূসক নিবন্ধিত হতে হবে। টার্নওভার তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান রেয়াত গ্রহণ করতে পারেন না।
- রেয়াত গ্রহণের জন্য নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সরবরাহ (বিক্রয়) মূসকযোগ্য হতে হবে। শূন্যহার বিশিষ্ট সরবরাহকারী অর্থাৎ রপ্তানিকারকগণও রেয়াত পাবেন। শুধু অব্যাহতিপ্রাপ্ত সরবরাহের ক্ষেত্রে রেয়াত প্রাপ্য হবেন না।
- রেয়াত যেহেতু দাখিলপত্রের মাধ্যমে নিতে হবে কাজেই দাখিলপত্র জমা প্রদান করলেই কেবল রেয়াত দাবি করা যাবে।

- করযোগ্য ব্যবসায়ের বা কার্যক্রমের সকল ক্ষেত্রে এবং ছোট-বড় সকল নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্যই রেয়াত প্রযোজ্য।

রেয়াত কখন নিতে হয়?

রেয়াত গ্রহণ করতে হয় আমদানি বা স্থানীয় ক্রয়-পরবর্তী ২ করমেয়াদের মধ্যে। যেমন ধরুন, আপনি এপ্রিল মাসের ৫ তারিখ কোনো সরবরাহ গ্রহণ করলেন তাহলে আপনি এপ্রিল, মে এবং জুন মাসের মধ্যে রেয়াত গ্রহণ করতে পারবেন। আমদানির ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

রেয়াতের জন্য কোন কোন দলিলাদি প্রয়োজন হয়?

স্থানীয় সরবরাহের ক্ষেত্রে: ক্রয় চালানপত্র যা ফরম মূসক-৬.৩ নামে পরিচিত। ক্রয়ের মূল্য ২৫ হাজার টাকার বেশি হলে চালানে আপনার বিআইএন (মূসক নিবন্ধন নম্বর) লেখা থাকতে হবে

আমদানির ক্ষেত্রে: বিল অব এন্ট্রি ও রিলিজ অর্ডার নম্বর

(বিল অব এন্ট্রিতে বর্ণিত শুষ্ক-কর পরিশোধের পর রিলিজ অর্ডার নম্বর পড়ে, যা বিল অব এন্ট্রিতে লেখা থাকে। এটি কর পরিশোধের প্রমাণ।)

বাকিতে ক্রয়ের ক্ষেত্রেও রেয়াত পাওয়া যাবে

নগদ বা বাকি যেভাবেই ক্রয় করা হোক না কেন, ফরম মূসক-৬.৩ বা বিল অব এন্ট্রি হাতে থাকলে এবং ওপরে বর্ণিত শর্তাদি পূরণ হলে রেয়াত গ্রহণ করা যাবে।

রেয়াত গ্রহণের উপায়

প্রতি মাসের সকল করযোগ্য আমদানি এবং স্থানীয় ক্রয়ের বিপরীতে যত টাকা মূসক পরিশোধ করা হয়েছে, তা দাখিলপত্রের ৯-১১ নম্বর নোটের বিপরীত বক্সে লিখে রেয়াত গ্রহণ করতে হবে।

রেয়াতের সুবিধা

রেয়াত গ্রহণ করলে মোট প্রদেয় ভ্যাট সর্বনিম্ন হবে। করের ওপর কর হবে না। যেমন ধরা যাক, আপনি একজন ব্যবসায়ী হিসেবে ৫০০ টাকার উপকরণ কিনলেন। এতে আপনি ভ্যাট দিলেন $৫০০ \times ১৫/১১৫ = ৬৫.২২$ টাকা। পণ্যটি যদি আপনি ৬০০ টাকায় বিক্রি করেন, তাহলে আপনি ভ্যাট আদায় করবেন $৬০০ \times ১৫/১১৫ = ৭৮.২৬$ টাকা। যদি আপনি রেয়াত নেন, তাহলে আপনাকে সরকারি কোষাগারে জমা দিতে হবে $= (৭৮.২৬ - ৬৫.২২)$ টাকা $= ১৩.০৪$ টাকা। ৬০০ টাকার পণ্যে মোট কর হবে আপনার ক্রয়ের সময় পরিশোধিত ৬৫.২২ টাকা এবং বিক্রির পর আরো ১৩.০৪ টাকা, অর্থাৎ মোট ৭৮.২৬ টাকা, যা আপনি বিক্রির সময় আপনার ক্রেতার নিকট হতে আদায় করেছিলেন।

অপর দিকে, আপনি রেয়াত গ্রহণ না করলে আপনাকে ক্রেতার নিকট হতে আদায়কৃত ৭৮.২৬ টাকার সম্পূর্ণটাই সরকারকে প্রদান করতে হবে। তদুপরি আপনি ক্রয়ের সময় যে ৬৫.২২ টাকা মূসক পরিশোধ করেছিলেন তাও ফেরত নিলেন না। ফলে ৬০০ টাকার পণ্যে আপনাকে মোট মূসক পরিশোধ করতে হলো $(৭৮.২৬ + ৬৫.২২)$ টাকা $= ১৪৩.৪৮$ টাকা। এ ক্ষেত্রে, আপনার লাভের বদলে লোকসান হওয়ার সম্ভাবনা বেশি।

প্রতি মাসের সকল করযোগ্য আমদানি এবং স্থানীয় ক্রয়ের বিপরীতে যত টাকা মূসক পরিশোধ করা হয়েছে, তা দাখিলপত্রের অংশ-৪ এ বর্ণিত বক্সে লিখে রেয়াত গ্রহণ করতে হবে।



এ বিষয়ে বিস্তারিত জানতে দেখুন BL5

বি.দ্র.

BO = BOOK, BL = BOOKLET, FL = FLYER